# Glossary of Common Debt Collection Terms

English

September 2020

# ঋণ সংগ্রহ করা সংক্রান্ত সাধারণ পরিভাষার শব্দকোষ

বাংলা （Bengali）

সেপ্টেম্বর, 2020

NYC Consumer and Worker Protection

# About the Glossary

To help consumers during the debt collection process, the Department of Consumer and Worker Protection (DCWP)* created this glossary, which includes commonly used terms in debt collection communications plus references (laws, agencies) important for consumers to know. Bilingual glossaries in the top 10 languages spoken by New Yorkers with limited English proficiency are available at **nyc.gov/dca**

Note:

- *Italicized words* in descriptions are also defined in the glossary.
- Unless stated otherwise, all descriptions reflect New York City laws and rules.
- This glossary is not intended as legal advice.

*DCWP is the Agency's new name. In all references, DCWP also means DCA (Department of Consumer Affairs), the Agency's old name. The Agency is in the process of implementing the legal name change in public information. In the meantime, DCWP and DCA are the same City Agency.

# শব্দকোষ সম্বন্ধে

ঋণ সংগ্রহ করার প্রক্রিয়া চলাকালীন গ্রাহকদের সহায়তা করতে, গ্রাহক এবং কর্মী সুরক্ষা বিভাগ (Departmant of Consumer and Worker Protection, DCWP)* এই শব্দকোষটি তৈরি করেছে, যার মধ্যে ঋণ সংগ্রহ করা সংক্রান্ত যোগাযোগের সাথে এমন রেফারেন্সগুলি (আইন, এজেন্সিসমূহ) অন্তর্ভুক্ত রয়েছে যা গ্রাহকদের জানা জরুরি। ইংরেজির সীমিত দক্ষতা সহ নিউ ইয়র্কে বসবাসকারীরা যে প্রধান 10টি ভাষায় কথা বলেন তাদের জন্য দ্বিভাষিক শব্দকোষ উপলভ্য এখানে **nyc.gov/dca**

দ্রষ্টব্য:

- বিবরণে *ইটালিক করা শব্দগুলিও* শব্দকোষে সংজ্ঞায়িত আছে।
- অন্যভাবে বর্ণনা না করা হলে, সমস্ত বিবরণগুলিতে নিউ ইয়র্ক শহরের আইন এবং বিধিনিয়ম প্রতিফলিত হয়।
- এই শব্দকোষটিকে আইনি পরামর্শ হিসেবে বিবেচনা করা যাবে না।

*DCWP হল এজেন্সির নতুন নাম। সমস্ত রেফারেন্সে DCWP-এর মানে হল DCA (উপভোক্তা বিষয়ক বিভাগ) (Department of Consumer Affairs), যা হল এজেন্সির পুরনো নাম। এজেন্সি সর্বজনীন তথ্যে আইনি নাম পরিবর্তন বাস্তবায়নের প্রক্রিয়াধীন। এর মধ্যে, DCWP এবং DCA হল একই সিটি এজেন্সি।

# Glossary / শব্দকোষ

## A

| | |
|---|---|
| **Abusive language**<br>Swear words (or curse words) or any words that insult or offend.<br><br>A *debt collector* may not use abusive language when attempting to collect a *debt*. This includes in writing or when speaking to consumers. | **অবমাননাকর ভাষা**<br>গালমন্দ করা শব্দগুলি (বা শাপশাপান্ত করা শব্দগুলি) অথবা এমন শব্দ যা অপমান বা অসম্মান করে।<br><br>*ঋণ* সংগ্রহ করার সময় কোনও *ঋণ সংগ্রাহক* অবমাননাকর শব্দ ব্যবহার করতে পারবেন না। এর মধ্যে লিখে জানানো বা উপভোক্তার সাথে কথা বলা অন্তর্ভুক্ত। |
| **Account**<br>A record or file of a *debt*.<br><br>A *debt collector* often refers to an account when claiming a consumer owes money. | **অ্যাকাউন্ট**<br>*ঋণের* রেকর্ড বা ফাইল।<br><br>উপভোক্তার থেকে পাওয়া টাকা দাবি করার সময় বেশিরভাগ ক্ষেত্রেই *ঋণ সংগ্রাহক* একটি অ্যাকাউন্ট রেফার করেন। |
| **Accrued interest**<br>The amount of *interest* (cost to borrow money or purchase goods and services on credit) added to a *debt*, which increases the amount of money a borrower owes.<br><br>Consumers have a right to request an *itemization of a debt* showing accrued interest and to *dispute a debt*. | **জমা সুদ**<br>*সুদের* পরিমাণ (অর্থ ধার নেওয়া বা ধারে পণ্য বা পরিষেবা কেনার জন্য ধার্য করা অর্থরাশি) *ঋণের* সাথে যোগ করা হয়, যা ঋণগ্রহীতার ঋণের পরিমাণকে বাড়িয়ে দেয়।<br><br>গ্রাহকের জমা হওয়া সুদের পরিমাণ দেখানো ঋণের *বিবরণ* পাওয়ার অনুরোধ করার এবং *ঋণে কোনও অসঙ্গতি থাকলে* সেই বিষয়ে আলোচনা অধিকার আছে। |
| **Arrears**<br>An unpaid and overdue *debt*. | **বকেয়া**<br>প্রদান না করা বা বকেয়া থাকা *ঋণ*। |

## B

| | |
|---|---|
| **Bankruptcy discharge**<br>A court order that means a consumer does <u>not</u> have to pay a *debt* and a *creditor* or *collector* may <u>no longer</u> attempt to collect the debt. | **দেউলিয়া হওয়ার কারণে বরখাস্তকরণ**<br>কোর্টের একটি আদেশ যার অর্থ হল উপভোক্তাকে *পাওনাদারকে ঋণ* পরিশোধ করতে হবে <u>না</u> অথবা *সংগ্রাহক* <u>আর</u> ঋণ সংগ্রহ করার চেষ্টা করতে পারবেন <u>না</u>। |

**Better Business Bureau (BBB)**
A private nonprofit organization that promotes ethical marketplace practices.

In addition to filing a complaint with DCWP, consumers can file a complaint about a *debt collector* with BBB.

**DCWP:**

Call 311 or visit **nyc.gov/dca**

**BBB:**

Visit **bbb.org** and click “File a Complaint.”

**বেটার বিজনেস ব্যুরো (Better Business Bureau, BBB)**
একটি বেসরকারি অলাভজনক সংস্থা যা মার্কেটপ্লেস সংক্রান্ত নৈতিক কার্যকলাপগুলির কথা প্রচার করে।

DCWP-এ অভিযোগ দাখিল করার সাথে সাথে, উপভোক্তারা ঋণ সংগ্রাহকের ব্যাপারে BBB-এর কাছেও অভিযোগ দাখিল করতে পারেন।

**DCWP:**

311-তে ফোন করুন বা **nyc.gov/dca**-এ যান।

**BBB:**

**bbb.org**-এ যান এবং “একটি অভিযোগ দাখিল করুন”-এ ক্লিক করুন।

## C

**Cease communication letter**
A letter a consumer may send to a *debt collector* demanding that the collector stop any further contact with the consumer about an *account*. A consumer may send the letter at any time in the *collection* process.

Instructions and a template Cease Debt Collection Communication Letter are available at **nyc.gov/dca**

**বন্ধ করার পত্রালাপ**
এমন একটি চিঠি যা উপভোক্তা একজন *ঋণ সংগ্রাহককে* পাঠাতে পারেন এটি দাবি করার জন্য যে ঋণ সংগ্রাহক কোনও *অ্যাকাউন্টের* বিষয়ে উপভোক্তার সাথে যোগাযোগ করা বন্ধ করুন। উপভোক্তা *সংগ্রহের* প্রক্রিয়া চলাকালীন যেকোনও সময়ে চিঠিটি পাঠাতে পারেন।

ঋণ সংগ্রহ বন্ধ করার পত্রালাপ সংক্রান্ত নির্দেশাবলী এবং টেমপ্লেট **nyc.gov/dca**–এ উপলভ্য

**Charge off**
Any amount that a *creditor* no longer expects to be repaid and writes off as a bad debt for accounting purposes even though the debt is still owed.

A charge off appears on a consumer’s *credit report*.

**অনাদায়ী অর্থরাশি**
এমন কোনও অর্থরাশি যা পাওনাদার পরিশোধের আশা করেন না এবং সেটিকে অনাদায়ী অর্থরাশি হিসেবে চিহ্নিত করেন এমনকি সেই অর্থরাশি পাওনা থাকা সত্ত্বেও।

অনাদায়ী অর্থরাশি উপভোক্তার *ক্রেডিট রিপোর্টে* প্রদর্শিত হয়।

**Collection**
The process of seeking money claimed to be owed.

*Debt collectors* must obey federal, State, and New York City laws and rules about what they can and cannot do in the collection process.

**সংগ্রহ**
পাওয়া অর্থ দাবি করার প্রক্রিয়া।

সংগ্রহ করার সময় *ঋণ সংগ্রাহক* কী করতে পারেন এবং কী করতে পারেন না সেই সম্বন্ধীয় যুক্তরাষ্ট্রীয়, স্টেট এবং নিউ ইয়র্ক সিটির আইন এবং বিধিনিয়মগুলি তাদের অবশ্যই মেনে চলতে হবে।

| | |
|---|---|
| **Collection fees**<br>A fee (or charge) that a *debt collector* adds to the amount it attempts to collect from a consumer. The fee <u>must</u> be authorized by an agreement or permitted by law.<br><br>Consumers have a right to request an *itemization of a debt* showing any collection fees and to *dispute a debt*. | **সংগ্রহ করা সংক্রান্ত ফি**<br>উপভোক্তার থেকে ঋণ সংগ্রহ করার জন্য যে ফি (বা চার্জ) একজন *ঋণ সংগ্রাহক* অর্থরাশির সাথে যুক্ত করেন। ফি <u>অবশ্যই</u> চুক্তি দ্বারা বা আইন অনুসারে অনুমোদিত হতে হবে।<br><br>*ঋণের* বিষয়ে আলোচনা করার জন্য উপভোক্তার ঋণের এমন *বিবরণ* চাওয়ার অধিকার আছে যেটি সংগ্রহ করা সংক্রান্ত ফি প্রদর্শন করে। |
| **Collector** (See **Debt collector**) | সংগ্রাহক (**ঋণ সংগ্রাহক** দেখুন) |
| **Communication disclosures**<br>In all letters and conversations with consumers, *debt collectors* must disclose:<br><br>• a call-back number to a phone that is answered by a natural person;<br>• the name of the debt collector;<br>• the *original creditor* of the debt;<br>• the name of the person to call back; and<br>• the amount of the *debt* at the time of the communication.<br><br>In all letters to consumers, debt collectors must include their *DCWP license number*. An example is 1234567-DCA. | **যোগাযোগ সংক্রান্ত উন্মোচন**<br>উপভোক্তার সাথে আদান প্রদান করা সমস্ত চিঠিপত্র এবং কথোপকথনে, *ঋণ সংগ্রাহকদের* অবশ্যই নিম্নলিখিতগুলি উন্মোচন করতে হবে:<br><br>• এমন একটি কল-ব্যাক করার নম্বর যেটিতে ফোন করলে কোনও ব্যক্তি উত্তর দেন;<br>• ঋণ সংগ্রাহকের নাম;<br>• ঋণের আসল *পাওয়াদারের* নাম;<br>• যে ব্যক্তিকে কল-ব্যাক করা হবে তার নাম; এবং<br>• যোগাযোগের সময় ঋণের অর্থরাশি।<br><br>উপভোক্তাকে লেখা সমস্ত চিঠিতে, ঋণ সংগ্রাহকদের অবশ্যই তাদের *DCWP লাইসেন্স নম্বর* অন্তর্ভুক্ত করতে হবে। উদাহরণস্বরূপ 1234567-DCA। |
| **Consumer Financial Protection Bureau (CFPB)**<br>A U.S. government agency that enforces federal consumer financial laws and protects consumers in the financial marketplace.<br><br>In addition to filing a complaint with DCWP, consumers can file a complaint about a *debt collector* with CFPB.<br><br>**DCWP:**<br><br>Call 311 or visit **<u>nyc.gov/dca</u>**.<br><br>**CFPB:**<br><br>Visit **<u>consumerfinance.gov</u>** and click “Submit a Complaint.” | **কনজিউমার ফিন্যান্সিয়াল প্রোটেকশন ব্যুরো (Consumer Financial Protection Bureau, CFPB)**<br>মার্কিন যুক্তরাষ্ট্রের এমন একটি এজেন্সি যারা যুক্তরাষ্ট্রীয় কনজিউমার ফিন্যান্সিয়াল আইনগুলি বলবৎ করে এবং যুক্তরাষ্ট্রীয় মার্কেটপ্লেসে উপভোক্তাদের সুরক্ষিত রাখে।<br><br>DCWP-এ অভিযোগ দাখিল করার সাথে সাথে, উপভোক্তারা কোনও ঋণ সংগ্রাহকের বিষয়ে CFPB-তেও অভিযোগ দাখিল করতে পারেন।<br><br>**DCWP:**<br><br>311-তে ফোন করুন বা **<u>nyc.gov/dca</u>**-এ যান।<br><br>**CFPB:**<br><br>**<u>consumerfinance.gov</u>**-এ যান এবং “একটি অভিযোগ দাখিল করুন”–এ ক্লিক করুন। |

| | |
|---|---|
| **Consumer Reporting Agencies (CRA)**<br>(See **Credit Bureaus**) | **কমজিউমার রিপোর্টিং এজেন্সি**<br>**(Consumer Reporting Agencies, CRA)**<br>(**ক্রেডিট ব্যুরো** দেখুন) |
| **Contact and call frequency restrictions**<br>A *debt collector* may contact a consumer at most two times in a seven-day period and only between 8:00 a.m. and 9:00 p.m. Eastern Standard Time (EST).<br><br>Debt collectors may not contact consumers at work if the collector is aware that a consumer's employer does not allow such contact. | **যোগাযোগ করা এবং ফোন করার ফ্রিকোয়েন্সি সংক্রান্ত নিষেধাজ্ঞা**<br>কোনও ঋণ সংগ্রাহক একজন উপভোক্তার সাথে 7 দিনের মধ্যে সবথেকে বেশি দু'বার যোগাযোগ করতে পারেন এবং তা কেবলমাত্র ইস্টার্ন স্ট্যান্ডার্ড টাইম অনুসারে সকাল 8:00টা থেকে রাত্রি 9:00টার মধ্যে (Eastern Standard Time, EST)।<br><br>ঋণ সংগ্রাহক উপভোক্তার সাথে কর্মস্থলে যোগাযোগ করতে পারেন না যদি সংগ্রাহক জেনে থাকেন যে উপভোক্তার নিয়োগকর্তা এই ধরনের যোগাযোগের অনুমতি দেন না। |
| **Contest a debt** (See **Dispute a debt**) | **ঋণের বিষয়ে প্রতিবাদ করা** (**ঋণের প্রতি আপত্তি** দেখুন) |
| **Credit**<br>The ability of a consumer to borrow money with the promise to repay it, plus any interest and fees, at a later date. As examples, credit includes loans and credit cards. | **ক্রেডিট**<br>যেকোনও সুদ এবং ফি সহ পরবর্তীকালে পরিশোধ করার প্রতিশ্রুতি সহ উপভোক্তার ঋণ নেওয়ার ক্ষমতা। উদাহরণ, ক্রেডিটের মধ্যে অন্তর্ভুক্ত হল ঋণ এবং ক্রেডিট কার্ডগুলি। |
| **Credit Bureaus**<br>(also *Credit Reporting Agencies*, *Consumer Reporting Agencies*)<br><br>Private companies that collect and share consumer credit information and make it available on *credit reports*.<br><br>The main credit bureaus in the U.S. are Equifax, Experian, and TransUnion.<br><br>Consumers can dispute incorrect information on their credit report, including if they have been a victim of identity theft. | **ক্রেডিট ব্যুরো**<br>*(এছাড়া ক্রেডিট রিপোর্ট এজেন্সি, কনজিউমার রিপোর্টিং এজেন্সিগুলি)*<br><br>যে বেসরকারি কোম্পানিগুলি সংগ্রহ করে এবং উপভোক্তার ক্রেডিট সংক্রান্ত তথ্য শেয়ার করে এবং *ক্রেডিট রিপোর্টগুলির* জন্য সেগুলিকে উপলভ্য করে।<br><br>মার্কিন যুক্তরাষ্ট্রের প্রধান ক্রেডিট ব্যুরোগুলি হল Equifax, Experian এবং TransUnion।<br><br>ক্রেডিট রিপোর্টে কোনও ভুল তথ্য এলে উপভোক্তারা সেই বিষয়ে আলোচনা করতে পারেন, এর মধ্যে পরিচয় চুরির শিকার হওয়ার মতো ঘটনাও অন্তর্ভুক্ত। |

**Credit Report**
A record of a consumer's credit history, as reported by creditors and other sources, including:

- employment;
- addresses;
- credit inquiries;
- credit cards and loans;
- *accounts*;
- liens;
- wage *garnishments*; and
- other data.

Consumers can request free credit reports at **AnnualCreditReport.com**. Due to COVID-19, consumers can get free online reports more frequently than once a year. Monitor the website for updates.

**ক্রেডিট রিপোর্ট**
উপভোক্তার ক্রেডিট সংক্রান্ত ইতিহাসের রেকর্ড, যা পাওনাদার এবং অন্যান্য উৎস থেকে প্রদান করা হয়েছে, এর মধ্যে অন্তর্ভুক্ত হল:

- কর্মসংস্থান;
- ঠিকানাসমূহ;
- ক্রেডিট সংক্রান্ত অনুসন্ধান;
- ক্রেডিট কার্ড এবং ঋণ;
- *অ্যাকাউন্ট;*
- লিয়েন;
- পারিশ্রমিক *গার্নিশমেন্ট;* এবং
- অন্যান্য ডেটা।

**AnnualCreditReport.com**-এ গিয়ে উপভোক্তা বিনামূল্যে ক্রেডিট রিপোর্টের জন্য অনুরোধ করতে পারেন। COVID-19 এর কারণে, উপভোক্তারা বিনামূল্যে বছরের একবারের থেকেও বেশি বিনামূল্যে অনলাইন রিপোর্ট পেতে পারেন। আপডেটগুলির জন্য ওয়েবসাইট নিরীক্ষণ করুন।

**Credit Reporting Agencies**
(See **Credit Bureaus**)

**ক্রেডিট রিপোর্টিং এজেন্সিগুলি**
(**ক্রেডিট ব্যুরো** দেখুন)

**Creditor**
(also *Original Creditor*)

A person, company, or entity to whom the *debt* is claimed to be owed. The original creditor is the person or business that provided the original service, product, or credit that is the source of a debt collection attempt.

A creditor may collect debt on its own or use third-party *debt collectors* to attempt to collect a debt.

**পাওনাদার**
(*আসল পাওনাদারও বলা হয়*)

কোনও ব্যক্তি, কোম্পানি বা সত্বা যিনি ঋণটি দিয়েছেন বলে দাবি করা হয়। আসল পাওনাদার হলেন সেই ব্যক্তি বা ব্যবসা যে আসল পরিষেবা, প্রোডাক্ট বা ক্রেডিট প্রদান করেছে যা ঋণ সংগ্রহ করার চেষ্টার উৎস।

পাওনাদার নিজে তার ঋণ সংগ্রহ করতে পারেন বা ঋণ সংগ্রহ করার চেষ্টা করার জন্য থার্ড-পার্টি *ঋণ সংগ্রাহকদের* ব্যবহার করতে পারেন।

**Current balance**
(also *Outstanding balance*)

The total amount claimed to be owed.

Consumers have a right to request an *itemization of a debt* that shows the current or outstanding balance.

**বর্তমান ব্যালেন্স**
(বকেয়া ব্যালেন্সও বলা হয়)

দাবি করা মোট প্রাপ্য অর্থরাশি।

উপভোক্তার ঋণের এমন একটি বিবরণের অনুরোধ করার অধিকার আছে যেটি বর্তমান এবং বকেয়া ব্যালেন্স প্রদর্শন করে।

**DCWP license number**
A number assigned by DCWP to a licensed *debt collector*. An example is 1234567-DCA.

Debt collectors must include their DCWP license number on all written communications.

**DCWP লাইসেন্স নম্বর**
লাইসেন্সপ্রাপ্ত *ঋণ সংগ্রাহককে* DCWP দ্বারা বরাদ্দ করা একটি নম্বর। উদাহরণস্বরূপ 1234567-DCA।

সমস্ত লিখিত চিঠিপত্রে ঋণ সংগ্রাহকদেরকে অবশ্যই DCWP লাইসেন্স নম্বর অন্তর্ভুক্ত করতে হবে।

**Debt**
The money a consumer owes, or is alleged to owe, a *creditor*.

Consumer debt is debt related to personal, family, or household purposes.

Consumers have a right to request an *itemization of a debt* and to *dispute a debt*.

**ঋণ**
যে অর্থরাশি উপভোক্তা ধার নিয়েছেন অথবা একজন পাওনাদার ধার নেওয়ার অভিযোগ করেছেন।

উপভোক্তার ঋণ হল ব্যক্তিগত, পরিবার বা পারিবারিক উদ্দেশ্যে নেওয়া ঋণ।

ঋণের বিষয়ে আলোচনা করার জন্য উপভোক্তাদের ঋণের একটি বিবরণ চাওয়ার অধিকার আছে।

**Debt collector**
(also *Collector, Debt Collection Agency*)

A private company or person—including a debt collection attorney or law firm—that attempts to collect personal or household debt from New York City residents. The debt collector may:

- own the debt (purchased from a *creditor*) and collect for itself; OR
- be hired by a creditor or other company to assist in collecting the debt.

Both in-State and out-of-State debt collectors must have an active DCWP license and obey New York City laws and rules. To verify if a debt collector is licensed, consumers can:

- Visit **nyc.gov/dca** and click "Search for a DCA Licensee" in the For Consumers & Workers module.
- Contact 311 (212-NEW-YORK outside NYC) and say "Business Background Check."

**ঋণ সংগ্রাহক**
(*সংগ্রাহক, ঋণ সংগ্রাহক এজেন্সিও* বলা হয়)

একটি বেসরকারি কোম্পানি বা একজন ব্যক্তি – এর মধ্যে অন্তর্ভুক্ত হল ঋণ সংগ্রাহক অ্যাটর্নি বা ল-ফার্ম-যারা নিউ ইয়র্ক সিটির অধিবাসীদের থেকে ব্যক্তিগত বা পারিবারিক ঋণ সংগ্রহ করার চেষ্টা করেন। ঋণ সংগ্রাহক:

- ঋণের মালিকানা নিতে পারেন (পাওনাদারের থেকে ঋণ কিনে নিতে পারেন) এবং নিজের জন্য সংগ্রহ করতে পারেন; অথবা
- পাওনাদার বা অন্য কোম্পানি তাদের নিয়োগ করতে পারেন ঋণ সংগ্রহ করার কাজে সহায়তা করার জন্য।

স্টেটের মধ্যের এবং স্টেটের বাইরের ঋণ সংগ্রাহকদের অবশ্যই সক্রিয় DCWP লাইসেন্স থাকতে হবে এবং তাদেরকে নিউ ইয়র্ক সিটির আইন এবং বিধিনিয়ম মেনে চলতে হবে। ঋণ সংগ্রাহক লাইসেন্স প্রাপ্ত কিনা তা যাচাই করতে, উপভোক্তারা যা করতে পারেন:

- **nyc.gov/dca**-এ যান এবং উপভোক্তা এবং কর্মীদের মডিউলে "DCA লাইসেন্সের জন্য অনুসন্ধান করুন"-এ ক্লিক করুন।
- 311 নম্বরে যোগাযোগ করুন (212-NYC-এর বাইরে নিউ ইয়র্কের জন্য) এবং বলুন "বিজনেস ব্যাকগ্রাউন্ড চেক।"

| | |
|---|---|
| **Debt settlement or payment plan**<br>An agreement by the *debt collector* to accept from the consumer an amount less than the originally claimed balance either as a payment in full or as scheduled partial payments.<br><br>The debt collector must send the consumer, within five business days, a letter confirming the agreement which must include:<br><br>• name and address of the consumer;<br>• date the agreement was made;<br>• name of the *original creditor*;<br>• amount due and the due date of each payment;<br>• name of the debt collector;<br>• name of the debt collector employee, or employee's supervisor, who reached the agreement;<br>• address where the consumer should mail payments; and<br>• any other terms or conditions of the agreement. | **ঋণ মীমাংসা বা পেমেন্ট প্ল্যান**<br>উপভোক্তার থেকে আসল দাবি করা ব্যালেন্সের থেকে কম এমন একটি অর্থরাশি গ্রহণ করার জন্য ঋণ সংগ্রাহক দ্বারা করা একটি চুক্তি যা চূড়ান্ত পেমেন্ট হিসেবে বা নির্ধারিত আংশিক পেমেন্ট হিসেবে বিবেচিত হবে।<br><br>ঋণ সংগ্রাহককে পাঁচটি কর্মদিবসের মধ্যে উপভোক্তাকে এমন একটি চিঠি পাঠাতে হবে যা চুক্তিটি নিশ্চিত করে সেটির মধ্যে অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে:<br><br>• উপভোক্তার নাম এবং ঠিকানা;<br>• চুক্তির তারিখ;<br>• আসল পাওনাদারের নাম;<br>• বকেয়া অর্থরাশি এবং প্রতিটি পেমেন্ট প্রদান করার তারিখ;<br>• ঋণ সংগ্রাহকের নাম;<br>• ঋণ সংগ্রাহকের কর্মীর নাম বা কর্মীর সুপারভাইজারের নাম, যিনি চুক্তিটি করেছেন;<br>• উপভোক্তা যেখানে পেমেন্টগুলি পাঠাবেন সেখানকার ঠিকানা; এবং<br>• চুক্তির অন্যান্য শর্তাবলী। |
| **Debtor**<br>A consumer who owes or is claimed to owe money to a *creditor*. | **দেনাদার**<br>একজন উপভোক্তা যিনি ধার নিয়েছেন বা পাওনাদার দাবি করেন যে ধার নিয়েছেন। |
| **Default**<br>(also *Defaulting on a debt*)<br><br>Failure to meet the repayment obligations on a *debt*.<br><br>A default can occur when a consumer:<br><br>• is unable to make timely payments;<br>• misses payments; or<br>• avoids or stops making payments. | **ঋণখেলাপ**<br>(*ঋণ খেলাপিও* বলা হয়)<br><br>*ঋণ* পরিশোধ করতে ব্যর্থ হওয়া।<br><br>ঋণখেলাপ তখন হতে পারে যখন একজন উপভোক্তা:<br><br>• সময় মতো পেমেন্ট করতে পারেন না;<br>• পেমেন্ট করতে ভুলে যান; বা<br>• পেমেন্ট করা এড়িয়ে চলেন বা বন্ধ করে দেন। |
| **Default Judgment**<br>A court decision against a consumer who fails to answer or defend a lawsuit brought by a *creditor* or its *debt collector*.<br><br>A default judgment is different than *default* or *defaulting on a debt*.<br><br>A consumer may seek to have a default judgment vacated (removed) by making a request to the court after the default judgment is entered. | **ঋণখেলাপের উপর রায়**<br>এমন উপভোক্তা যিনি পাওনাদারের দ্বারা বা ঋণ সংগ্রাহক দ্বারা করা মোকদ্দমার উত্তর দিতে বা আত্মপক্ষ সমর্থন করতে ব্যর্থ হয়েছেন তার বিরুদ্ধে আদালতের রায়।<br><br>ঋণখেলাপের উপর রায় ঋণখেলাপ বা ঋণ পরিশোধ করতে না পারার থেকে ভিন্ন।<br><br>ঋণখেলাপের রায় আসার পর উপভোক্তা আদালতের কাছে অনুরোধ করার মাধ্যমে ঋণখেলাপের উপর রায় সরিয়ে নেওয়ার অনুরোধ করতে পারেন। |

**Defaulting on a debt** (See **Default**)

**ঋণ পরিশোধ করতে না পারা**(**ঋঋণখেলাপ** দেখুন)

**Delinquent debt**
An *account* on which a payment is past due.

A *creditor* may report the past due account to a *credit bureau*.

If an account becomes sufficiently delinquent, the consumer may be in *default* and a creditor may *charge off* the account.

**ডেলিঙ্কুয়েন্ট ঋণ**
যে অ্যাকাউন্টের উপর পেমেন্ট বকেয়া আছে।

একজন ঋণদাতা বকেয়া অ্যাকাউন্ট সম্পর্কে ক্রেডিট বিউরোকে জানাতে পারে।

যদি অ্যাকাউন্ট পর্যাপ্ত মাত্রায় বকেয়া হয়ে যায়, তাহলে উপভোক্তা *ডিফল্ট* হয়ে যেতে পারে এবং ঋণদাতা অ্যাকউন্টকে *চার্জ অফ* করে দিতে পরে।

**Dispute a debt**
(also *Contest a debt*)

Consumers who do not recognize a *debt* or do not agree that they owe the amount of debt claimed may contest all or part of the debt verbally and/or in writing.

Under federal, State, and New York City laws, in disputing a debt, consumers have a right to:

- say they do not recognize the debt or owe the debt as claimed;
- request the name and address of the *original creditor* if different from the current one; and
- request that the *debt collector* provide information to show that the debt belongs to the consumer and/or that the amount is correct. (See *verification of a debt.)*

**ঋণের প্রতি আপত্তি**
(*ঋণের প্রতিবাদও* বলা হয়)

যে উপভোক্তা একটি ঋণ স্বীকার করেন না অথবা দাবির মতো তাদের কোনও ঋণ বকেয়া আছে বলে সম্মত নয় তারা মৌখিক এবং/অথবা লিখিতভাবে সমস্ত অথবা আংশিক ঋণের ব্যাপরে প্রতিবাদ জানাতে পারেন।

ফেডেরাল, স্টেট এবং নিউ ইয়র্ক সিটি আইনের অধীনে একটি ঋণের ব্যাপারে আপত্তি জানালে উপভোক্তার কাছে নিম্নলিখিত অধিকার আছে:

- তারা এই ঋণকে স্বীকার করেন না অথবা দাবি করা ঋণ বকেয়া নেই;
- মূল ঋণদাতার নাম এবং ঠিকানার অনুরোধ করতে পারেন, যদি বর্তমান সংস্থার থেকে ভিন্ন হয়; এবং
- এই ঋণটি উপভোক্তার এবং/অথবা পরিমাণটি সঠিক তা দেখানোর জন্য ঋণ সংগ্রাহককে তথ্য প্রদান করার অনুরোধ করতে পারেন। (*ঋণের যাচাইকরণ* দেখুন)

## E

**Exempt funds**
Money that may not be taken by most *creditors* or *debt collectors* to satisfy a *judgmen*t.

Consumers may choose to use exempt funds to pay a *debt*, but a creditor or debt collector cannot freeze or forcibly take these funds from consumers' bank accounts to pay a judgment.

**ফান্ড অব্যাহতি**
যে অর্থ বেশিরভাগ ঋণদাতা অথবা ঋণ সংগ্রাহকের দ্বারা একটি মীমংসা সন্তুষ্ট করার জন্য সংগ্রহ করা হয় না।

ঋণ পরিশোধ করার জন্য একজন গ্রাহক ফান্ড নিস্তার বেছে নিতে পারেন কিন্তু একজন ঋণদাতা অথবা ঋণ সংগ্রাহক মীমাংসার অর্থ পরিশোধ করার জন্য একজন উপভোক্তার ব্যাঙ্ক অ্যাকাউন্ট ফ্রোজেন অথবা বলবৎভাবে এই অর্থ নিতে পারেন।

**Exempt Income Protection Act (EIPA)**
New York State law that automatically protects a certain amount of money in a consumer's bank account from being frozen or taken by *debt collectors*.

Under the EIPA, if any funds in a consumer's bank account are frozen, the bank must provide the consumer with certain forms, called Exemption Claim Forms. The consumer may use these forms to claim that the frozen funds are exempt.

The following funds (in alphabetical order) are typically exempt from being frozen or garnished:

- Black lung benefits
- Child support payments
- Public assistance (for example, Temporary Assistance for Needy Families)
- Public or private pensions
- Railroad Retirement Board benefits
- Social Security, including retirement, survivors, and Disability benefits
- Spousal support or maintenance
- Supplemental Security Income
- Unemployment Insurance
- Veterans Affairs benefits
- Workers' compensation

**অব্যহত আয় সুরক্ষা অধিনিয়ম (Exempt Income Protection Act, EIPA)**
নিউ ইয়র্ক স্টেট আইন উপভক্তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে একটি নির্দিষ্ট পরিমাণ ফ্রোজেন এবং ঋণ সংগ্রাহক দ্বারা প্রত্যাহারের থেকে আপনাআপনিই সুরক্ষিত রাখে।

EIPA-এর অধীনে যদি উপভোক্তার ব্যঙ্ক অ্যাকাউন্টের কোনও অর্থ ফ্রোজেন করা হয় তাহলে ব্যাঙ্ককে উপভোক্তাকে কিছু নির্দিষ্ট ফর্ম অবশ্যই প্রদান করতে হবে যাকে এক্সেম্পশন ক্লেইম ফর্ম বলা হয়। ফ্রোজেন পুঁজির ওপর নিস্তার দেওয়া হয়েছে দাবি করার জন্য উপভোক্তা এই ফর্মগুলি ব্যবহার করতে পারে।

নিম্নলিখিত পুঁজিগুলিকে (বর্ণানুক্রমিক) ফ্রোজেন অথবা গার্নিশড় হওয়ার থেকে সাধারণতঃ নিস্তার দেওয়া হয়েছে।

- ব্ল্যাক লং সুবিধা
- শিশু সহায়তা পেমেন্ট
- সরকারি সহায়তা (উদাহরণস্বরূপ অভাবগ্রস্ত পরিবারের জন্য অস্থায়ী সহায়তা)
- সরকারি অথবা বেসরকারি পেনশন
- রেলরোড রিটায়ারমেন্ট বোর্ড সুবিধা
- অবসর গ্রহণ, উত্তরজীবি এবং অক্ষমতা সুবিধা সহ সোস্যাল সিকিউরিটি
- স্বামী-স্ত্রী সহায়তা অথবা মেন্টেনেন্স
- সম্পূরক সুরক্ষা আয়
- বেকার ভাতা
- ভেটিরান্স অ্যাফেয়ার্স সুবিধা
- কর্মীর ক্ষতিপূরণ

## F

**Fair and Accurate Credit Transaction Act (FACTA)**
Federal law that allows consumers to request and obtain a free *credit report* once every 12 months from each of the three nationwide consumer *credit bureaus*.

*Note*: Due to COVID-19, consumers can visit **AnnualCreditReport.com** to get free online reports more frequently than once a year. Monitor the website for updates.

**ন্যায্য এবং সঠিক ধার লেনদেন অধিনিয়ম (Fair and Accurate Credit Transaction Act, FACTA)**
ফেডেরাল আইন যা দেশজুড়ে তিনটি উপভোক্তা ক্রেডিট ব্যুরোর মধ্যে প্রত্যেকটির থেকে প্রত্যেক 12 মাসে বিনামূল্যে ক্রেডিট রিপোর্ট অনুরোধ এবং সংগ্রহ করার জন্য উপভোক্তাকে অনুমতি প্রদান করে।

দ্রষ্টব্য: COVID-19-এর কারণে উপভোক্তারা বছরে একবারের বেশি আরও প্রায়শই বিনামূল্যে অনলাইন রিপোর্ট পাওয়ার জন্য **AnnualCreditReport.com** -এ যেতে পরেন। আপডেটগুলির জন্য ওয়েবসাইট নিরীক্ষণ করুন।

**Fair Credit Reporting Act (FCRA)**
Federal law that promotes the accuracy, fairness, and privacy of information in the files of *consumer reporting agencies* and gives consumers the right to see their own *credit reports* and to dispute errors.

**ন্যায্য ক্রেডিট রিপোর্টিং অধিনিয়ম**
(**Fair Credit Reporting Act, FCRA**)
ফেডেরাল আইন যা উপভোক্তা রিপোর্টিং এজেন্সির ফাইলের মধ্যে তথ্যের সঠিকতা, ন্যায্যতা এবং গোপনীয়তা উৎসহিত করে এবং উপভোক্তাদের নিজের ক্রেডিট রিপোর্ট দেখার এবং বিচ্যুতির প্রতি আপত্তি জনানোর অধিকার প্রদান করে।

---

**Fair Debt Collection Practices Act (FDCPA)**
Federal law governing *collection* activity by *debt collectors* that:

- prohibits abusive practices in the collection of consumer debts;
- prohibits unfair and deceptive debt collection practices; and
- gives consumers the right to *dispute a debt* and get a *validation notice* to ensure the accuracy of an alleged debt.

The Act also:

- creates guidelines for how debt collectors may conduct business;
- defines consumer rights when dealing with debt collectors; and
- includes penalties and remedies for violations of the Act.

**ন্যায্য ঋণ সংগ্রাহক আচরণ অধিনিয়ম**
**(Fair Debt Collection Practices Act, FDCPA)**
ঋণ সংগ্রাহক দ্বারা সংগ্রহ গতিবিধি পরিচালনাকারী ফেডেরাল আইন যা:

- উপভোক্তার থেকে ঋণ সংগ্রহ করার ক্ষেত্রে অবমাননাপূর্ণ আচরণ নিষিদ্ধ করে।
- অসাধু এবং প্রতারণাপূর্ণ ঋণ সংগ্রহ প্রক্রিয়াকে নিষিদ্ধ করে; এবং
- একজন উপভোক্তাকে ঋণের প্রতি আপত্তি জানানোর এবং অভিযুক্ত ঋণের সঠিকতা নিশ্চিত করার জন্য বৈধকরণ বিজ্ঞপ্তি পাওয়ার অধিকার দেয়।

এছাড়াও এই অধিনিয়ম:

- কিভাবে ঋণ সংগ্রাহক ব্যবসা পরিচালনা করবে তার জন্য নির্দেশাবলী তৈরি করে;
- ঋণ সংগ্রাহকের সঙ্গে লেনদেন করার সময় উপভোক্তাদের অধিকারকে বর্ণনা করে; এবং
- অধিনিয়মের লঙ্ঘনের জন্য জরিমানা এবং প্রতিকার সংযুক্ত করে।

---

**Fake debt** (See **Phantom debt**)

**নকল ঋ ফ্যান্টম ঋণ** দেখুন)

---

**Federal Trade Commission (FTC)**
A federal government agency that enforces consumer protection and U.S. antitrust laws.

In addition to filing a complaint with DCWP, consumers can file a complaint about a *debt collector* with the FTC.

**DCWP:**

Call 311 or visit **[nyc.gov/dca](nyc.gov/dca)**.

**FTC:**

Visit **[ftc.gov/complaint](ftc.gov/complaint)** or call toll-free 1-877-FTC-HELP (1-877-382-4357).

ফেডারেল ট্রেড কমিশন
(**Federal Trade Commission, FTC)**
একটি ফেডেরাল সরকারি এজেন্সি যা উপভোক্তা সুরক্ষা এবং U.S. অ্যান্টিট্রাস্ট আইন বলবৎ করে।

DCWP-এর কাছে অভিযোগ দায়ের করার সঙ্গে, উপভোক্তারা FTC-এর কাছে ঋণ সংগ্রাহকের ব্যাপারে অভিযোগ দায়ের করতে পারেন।

**DCWP:**

311-তে ফোন করুন বা **nyc.gov/dca**-এ যান।

**FTC:**

**ftc.gov/complaint**-এ যান অথবা টোল ফ্রি 1-877-FTC-HELP (1-877-382-4357) নম্বরে ফোন করুন।

## G

### Garnishment / Income Execution

The act of requiring a *debtor*'s employer to withhold a portion of the debtor's wages to pay a *creditor* that has obtained a court order. Unless otherwise authorized by law, a *debt collector* must obtain a court order or *judgment* to carry out a garnishment or income execution.

### গার্নিশমেন্ট/ইনকাম এক্সিকিউশন

ঋণদাতাকে দেওয়ার জন্য একজন ঋণগ্রহিতার মালিককে ঋণগ্রহিতার বেতনের একটি অংশ ধরে রাখার অধিনিয়িম, যা আদালত থেকে সংগ্রহ করা হয়েছে। যদিনা আইন দ্বারা অনুমোদিত হয়, ঋণ সংগ্রাহককে গার্নিশমেন্ট অথবা ইনকাম এক্সিকিউশন করার উদ্দেশ্যে একটি আদালতের আদেশ অথবা বিচার অবশ্যই সংগ্রহ করতে হবে।

## H

### Harassment

The use of pressure, annoyance, intimidation, or abuse in the attempted collection of a *debt.*

*Debt collectors* may not harass consumers. Examples of illegal conduct are:

- using or threatening to use violence to harm a person, their reputation, or their property;
- threatening someone with a criminal warrant;
- using obscene, profane, or *abusive language*; and
- causing a telephone to ring or engaging any person in telephone conversation repeatedly or continuously.

### হয়রানি

ঋণ সংগ্রহ করার প্রয়াসে চাপ, জালাতন, হুমকি অথবা অপব্যবহারের ব্যবহার।

ঋণদাতার উপভোক্তাদের হয়রানি করা উচিত নয়। বেআইনী আচরণের উদাহরণের মধ্যে রয়েছে:

- একজন ব্যক্তি, তাদের প্রতিষ্ঠা, অথবা তাদের সম্পত্তি ক্ষতি করার জন্য হিংসার ব্যবহার করা অথবা ব্যবহার করার হুমকি দেওয়া;
- অপরাধিক ওয়্যারেন্টের সাথে কোনও ব্যক্তিকে হুমকি দেওয়া;
- জঘন্য, অপবিত্র অথবা অবমাননাপূর্ণ ভাষা ব্যবহার করা; এবং
- একটি টেলিফোন রিং করা অথবা বার-বার অথবা নিরন্তর একজন ব্যক্তিকে টেলিফোনে কথাবার্তায় নিযুক্ত করা।

## I

### Interest

The cost of borrowing money or buying goods or services on *credit*. It is typically calculated as a percentage of the amount due.

### সুদ

অর্থ ধার নেওয়ার অথবা ধারে পণ্য অথবা পরিষেবা কেনার খরচ। এটিকে সাধারণতঃ বকেয়া পরিমাণের শতাংশ হিসেবে গণনা করা হয়।

**Itemization of a debt**
A list or breakdown that must include:

- amount of the debt when the *original creditor* sent it to collection;
- amount of any *accrued interest*;
- amount of any other *collection fees* and charges; and
- any payments made by the consumer.

A *debt collector* must give consumers an itemization of each debt upon request.

**একটি ঋণের সূচি তৈরি করা**
একটি সূচি অথবা বিস্তৃত বিবরণ যার মধ্যে অবশ্যই নিম্নলিখিত থাকতে হবে:

- মূল ঋণদাতা ঋণ সংগ্রহের জন্য পাঠানোর সময় ধারের পরিমাণ;
- একত্রিত কোনও সুদের পরিমাণ;
- অন্য কোনও কালেকশন ফিস এবং চার্জের পরিমাণ; এবং
- উপভোক্তা দ্বারা করা কোনও পেমেন্ট।

অনুরোধ করা হলে একজন ঋণ সংগ্রাহককে প্রত্যেকটি ঋণের সূচি একজন গ্রাহককে অবশ্যই দিতে হবে।

## J

**Judgment**
An order issued by a court stating the outcome of a lawsuit.

**অভিমত**
একটি মামলার বিচারের উল্লেখ হিসেবে আদালত দ্বারা জারি করা আদেশ।

## L

**Limited English Proficient (LEP)**
A term that refers to individuals who do not speak English as their primary language and who have a limited ability to read, speak, write, or understand English.

সীমিত ইংরেজি দক্ষতা
(**Limited English Proficient, LEP)**
একটি শব্দ যা এমন ব্যক্তিদের কথা বোঝায় যারা তাদের প্রাথমিক ভাষা হিসেবে ইংরেজিতে কথা বলেন না এবং যাদের ইংরেজি পড়ার, বলার, লেখার অথবা বোঝার সীমিত ক্ষমতা আছে।

## M

**Mini-Miranda Warning**
A statement that *debt collectors* must use at the beginning of any communication with a consumer, both in letters and calls. The warning lets consumers know that anything they say and any information they give may be used to collect the *debt,* including in court.

Most debt collectors record *collection* calls.

**মিনি-মিরান্ডা সতর্কতা**
একটি বিবৃতি যা ঋণ সংগ্রাহকের পত্র এবং কলের মাধ্যমে উপভোক্তাদের সাথে যে কোনও যোগাযোগ বার্তা আরম্ভ করার আগে অবশ্যই ব্যবহার করা উচিত। এই সতর্কতাটি উপভোক্তাকে জানায় যে, তাদের দ্বারা কথিত কোনও বক্তব্য অথবা তাদের দ্বারা প্রদান করা যে কোনও তথ্য ঋণ সংগ্রহ করার জন্য ব্যবহার করা যেতে পারে, এমনকি আদালতেও।

বেশিরভাগ ঋণ সংগ্রাহকরা সংগ্রহ কল রেকর্ড করে।

| | |
|---|---|
| **Misrepresentation**<br>The use of false, deceptive, or misleading practices in debt collection.<br><br>*Debt collectors* may not make misrepresentations to consumers, including:<br><br>• falsely representing or implying that the debt collector is an attorney, legal office, government agency, marshal, or sheriff;<br>• falsely representing or implying that the consumer committed a crime, or that nonpayment of any debt will result in the consumer's arrest or imprisonment or the seizure, *garnishment*, attachment, or sale of the consumer's property or wages unless the action is lawful and the debt collector or *creditor* intends to pursue it; or<br>• reporting, or threatening to report, inaccurate credit information to a *credit bureau*. | **মিথ্যা বর্ণনা**<br>ঋণ সংগ্রহে মিথ্যা, প্রতারণাপূর্ণ, অথবা ঠকানোর মতো প্রক্রিয়া ব্যবহার করা।<br><br>ঋণ সংগ্রাহকের উপভোক্তাদের কাছে মিথ্যা বর্ণনা করা উচিত নয়, এর মধ্যে রয়েছে:<br><br>• মিথ্যা অভিনয় করা অথবা বোঝানো যে ঋণ সংগ্রাহক একজন উকিল, আইনী কার্যালয়, সরকারি এজেন্সি, মারশ্যাল অথবা শেরিফ;<br>• মিথ্যা অভিনয় করা অথবা বোঝানো যে উপভোক্তা একটি অপরাধ করেছেন, অথবা কোনও ঋণ পরিশোধ না করা হলে উপভোক্তাকে গ্রেফতার করা হতে পারে অথবা উপভোক্তার সম্পত্তি অথবা বেতন বাজেয়াপ্ত করা যেতে পারে, গার্নিশমেন্ট, সংযুক্ত অথবা বিক্রি করা যেতে পরে, যদি না ব্যবস্থাটি আইনী হয় এবং ঋণ সংগ্রাহক অথবা ঋণদাতা এটি নিতে ইচ্ছুক হন; অথবা<br>• ক্রেডিট ব্যুরোকে রিপোর্ট করা অথবা রিপোর্ট করার হুমকি দেওয়া, বেঠিক ক্রেডিট তথ্য প্রদান করা। |

## O

| | |
|---|---|
| **Original Creditor** (See **Creditor**) | **মূল ঋণদাতা** (**ঋণদাতা** দেখুন) |
| **Outstanding Balance** (See **Current Balance**) | **বকেয়া ব্যালেন্স**(**বর্তমান ব্যালেন্স** দেখুন) |

## P

| | |
|---|---|
| **Payday Loans**<br>A high-interest loan borrowed against a consumer's next paycheck.<br><br>Payday loans are illegal in New York. | পেডে ঋণ<br>একটি উচ্চ-সুদের ঋণ যা উপভোক্তার পরবর্তী পেচেকের বিরুদ্ধে নেওয়া হয়েছে।<br><br>পেডে ঋণ নিউ ইয়র্কের মধ্যে বেআইনী |

| | |
|---|---|
| **Phantom debt** (also *Fake debt*)<br><br>*Debt* that is entirely made up and that a consumer does not owe.<br><br>Phantom debt schemes have typically involved individuals or businesses that use fictitious names that imply they are lawyers or affiliated with a law firm. The schemers threaten serious consequences if consumers don't pay, including:<br><br>• being sued;<br>• being arrested at work;<br>• having a bank account closed;<br>• having wages *garnished*; or<br>• being forced to appear in court.<br><br>The schemers generally do not hold DCWP licenses.<br><br>Consumers have a right to request *verification of a debt* from *debt collectors*. | **ফ্যান্টম ঋণ** ( নকল ঋণ সহ)<br><br>একটি ঋণ যা সম্পূর্ণভাবে মিথ্যা এবং যা উপভোক্তার বকেয়া নয়।<br><br>ফ্যান্টম ঋণ যোজনার মধ্যে সধারণতঃ এমন ব্যক্তিগণ অথবা ব্যবসাগুলি থাকে যা মিথ্যা নাম ব্যবহার করে এবং যা ইঙ্গিত করে যে তারা উকিল অথবা কোনও আইনী সংস্থার সথে যুক্ত। এই স্কিমাররা গুরুতর পরিণামের কথা উল্লেখ করে হুমকি দেয়, যদি উপভোক্তারা পরিশোধ না করে, এর মধ্যে রয়েছে:<br><br>• আইনী মামলা করা;<br>• কর্মস্থলে গ্রেফতার করা;<br>• একটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট বন্ধ করা;<br>• বেতন কমানো; অথবা<br>• একটি আদালতে উপস্থিত হওয়ার জন্য বাধ্য করা<br><br>স্কিমারদের কাছে সাধারণতঃ কোনও DCWP লাইসেন্স থাকে না।<br><br>উপভোক্তাদের কাছে *ঋণ সংগ্রাহকদের* কাছ থেকে *ঋণের যাচাইকরণের* অনুরোধ করার অধিকার আছে। |
| **Principal**<br>The initial amount of the *debt* or the amount that remains unpaid by a consumer. It does not include *collection fees* and *interest*. | **মূলধন**<br>ঋণের প্রারম্ভিক পরিমাণ অথবা উপভোক্তার না দেওয়া কোনও অবশিষ্ট কোনও পরিমাণ। এটির মধ্যে সংগ্রহ শুল্ক এবং সুদ অন্তর্ভুক্ত নয়। |

## S

**Statute of Limitations**
(also *Time-barred debt*)

A certain time after which a *debt collector* may no longer sue a consumer to collect a *debt*.

Debt collectors may not attempt to collect an old debt whose statute of limitations passed unless they tell consumers:

- the legal time limit (statute of limitations) to sue to collect the debt has expired;
- consumers do not have to admit to owing the debt, promise to pay the debt, or give up rights regarding the statute of limitations;
- if sued, consumers may defend the case by informing the court that the statute of limitations has expired to prevent the *creditor* from obtaining a *judgment*; and
- any payment consumers make on an old debt will restart the creditor's right to sue.

**সীমাবদ্ধতার সংবিধি**
(**সময়-বন্ধক ঋণ** সহ)

একটি নির্দিষ্ট সময় যার পর একজন ঋণ সংগ্রাহক ঋণ সংগ্রহ করার জন্য একজন উপভোক্তার বিরুদ্ধে আইনী মামলা করতে পারবেন না।

ঋণ সংগ্রাহক পুরনো ঋণ সংগ্রহ করার প্রয়াস নাও করতে পারে যার সীমাবদ্ধতার সংবিধি পেরিয়ে গেছে, যতক্ষণ না তারা উপভোক্তাকে বলেঃ

- ঋণ সংগ্রহ করার জন্য আইনী মামলা( করার আইনি সময়সীমা (সীমাবদ্ধতার সংবিধি) সমাপ্ত হয়ে গেছে;
- উপভোক্তাকে ঋণ বকেয়া আছে বলে স্বীকার করতে হবে না, ঋণ শোধ করার জন্য প্রতিশ্রুতি দিতে হবে না, অথবা সীমাবদ্ধতার সংবিধি সম্পর্কিত অধিকার প্রত্যাহার করতে হবে না;
- যদি আইনী মামলা করা হয়, উপভোক্তারা ঋণদাতাকে একটি বিচার পাওয়া থেকে প্রতিরোধ করার জন্য সীমাবদ্ধতার সংবিধি সমাপ্ত হয়ে গেছে বলে আদালতকে জানিয়ে মামলা প্রতিহত করতে পারেন; এবং
- পুরনো ঋণের ওপর উপভোক্তা কোনও পেমেন্ট করলে ঋণদাতার আইনী মামলা করার অধিকার পুনরায় বৈধ হয়ে যাবে।

**Substantiation of a debt**
(See **Verification of a debt**)

**ঋণের প্রতিপাদন**
(**ঋণের যাচাইকরণ** দেখুন)

## T

**Time-barred debt** (See **Statute of Limitations**)

**সময়-বন্ধক ঋণ** (**সীমাবদ্ধতার সংবিধি** দেখুন)

**Tradeline**
A term for a credit *account* on a consumer's *credit report*. There is a separate tradeline each time a consumer is approved for *credit*. Tradelines include, but are not limited to:

- credit limit;
- current balance;
- payment history; and
- lender names and addresses.

**ট্রেডলাইন**
উপভোক্তার ক্রেডিট রিপোর্টের ওপর ক্রেডিট অ্যাকাউন্টের একটি শব্দ। একজন গ্রাহককে প্রত্যেকবার ঋণের জন্য অনুমোদন করা হলে একটি পৃথক ট্রেডলাইন তৈরি হয়। ট্রেডলাইনের মধ্যে রয়েছে, কিন্তু সীমিত নয়:

- ঋণের সীমা;
- বর্তমান ব্যালেন্স;
- পেমেন্টের ইতিহাস; এবং
- ঋণদাতার নাম এবং ঠিকানা।

## Validation Notice

A letter a *debt collector* must give consumers within five days after first contacting them that contains general information about the *debt* and consumer rights.

This notice must tell consumers they have a right to *dispute a debt* and to request *verification of a debt* from the debt collector. Other required disclosures include:

- the amount of the debt;
- the name of the current *creditor*;
- a statement that, upon consumer request and within 30 days, the debt collector will provide the name and address of the *original creditor*;
- the address where consumers should mail a letter to dispute a debt;
- the debt collector's *DCWP license number*;
- the name of the debt collector as it appears on the DCWP license;
- a call-back number to a phone that is answered by a natural person;
- the name of the person to call back;
- if the consumer may obtain from the debt collector any communications in a language other than English;
- a statement that this glossary of common debt collection terms is available in multiple languages on the DCWP website nyc.gov/dca.

## বৈধকরণ বিজ্ঞপ্তি

একটি পত্র যা একজন ঋণদাতার সঙ্গে প্রথমবার যোগাযোগ করার পর পাঁচ দিনের মধ্যে তাকে দিতে হবে এবং যার মধ্যে ঋণ এবং উপভোক্তার অধিকারের ব্যাপারে সাধারণ তথ্য থাকে।

এই বিজ্ঞপ্তিতে উল্লেখ থাকে যে উপভোক্তাদের ঋণের বিরুদ্ধে আপত্তি জানানোর অধিকার এবং ঋণ সংগ্রাহকের থেকে একটি ঋণের যাচাইকরণ অনুরোধ করার অধিকার আছে। অন্যান্য আবশ্যক প্রকাশনার মধ্যে রয়েছে:

- ঋণের পরিমাণ;
- বর্তমান ঋণদাতার নাম;
- একটি বিবৃতি যা উপভোক্তা দ্বারা অনুরোধ করা হলে এবং 30 দিনের মধ্যে ঋণ সংগ্রাহক মূল ঋণদাতার নাম এবং ঠিকানা প্রদান করবে;
- একটি ঠিকানা যেখানে ঋণের আপত্তি জানানোর জন্য উপভোক্তাকে একটি পত্র পাঠাতে হবে;
- ঋণ সংগ্রাহকের *DCWP* লাইসেন্স নম্বর;
- ঋণ সংগ্রাহকের নাম যেমনটি DCWP লাইসেন্সের ওপর উল্লেখিত আছে;
- এমন একটি কল-ব্যাক করার নম্বর যেটিতে ফোন করলে কোনও ব্যক্তি উত্তর দেন;
- যে ব্যক্তিকে কল করা হবে তার নাম;
- যদি উপভোক্তাকে ঋণ সংগ্রাহকের কাছ থেকে ইংরেজি বাদে অন্য কোনও ভাষায় কোনও যোগাযোগপত্র সংগ্রহ করতে চায়;
- একটি বিবৃতি যাতে এই সাধারণ ঋণ সংগ্রহের শব্দাবলী DCWP ওয়েবসাইট nyc.gov/dca-এ একাধিক ভাষায় পাওয়া যায়।

## Verification of a debt

(also *Substantiation of a debt*)

A consumer has a right to request that the *debt collector* provide documentation to show that the *debt* belongs to the consumer and/or that the amount is correct.

In response to a consumer's request for verification of the debt, the debt collector must do the following:

- Provide written documentation from the *creditor*—not the creditor's debt collector—confirming the debt. An example is a copy of a final statement (bill) by the *original creditor* showing the amount owed.
- Stop all *collection* activity and consumer contact until the verification is provided.

## ঋণের যাচাইকরণ

*(ঋণের প্রতিপাদন সহ)*

একজন উপভোক্তার কাছে ঋণটি উপভোক্তাদের নামে আছে এবং/অথবা পরিমাণের সঠিকতার উপস্থাপন সহ নথিপত্র প্রদান করার জন্য অনুরোধ করার অধিকার আছে।

ঋণের যাচাইকরণের জন্য উপভোক্তার অনুরোধের উত্তর সহ, ঋণ সংগ্রাহককে নিম্নলিখিতগুলি অবশ্যই করতে হবে:

- ঋণের সুনিশ্চতকরণ সহ ঋণদাতার পক্ষ থেকে লিখিত নথিপত্র প্রদান করতে হবে - ঋণদাতার ঋণ সংগ্রাহকের কাছ থেকে নয়। একটি উদাহরণ হলো বকেয়া পরিমাণের উল্লেখ সহ মূল ঋণদাতা দ্বারা চূড়ান্ত বিবৃতির (বিল) একটি প্রতিলিপি।
- যাচাইকরণ প্রদান করা পর্যন্ত সমস্ত *সংগ্রহ* গতিবিধি এবং উপভোক্তা যোগযোগ বন্ধ করা।

# Z

## Zombie debt

*Debt* that is very old and no longer owed but that a *debt collector* suddenly seeks to collect.

Zombie debt may include:

- debt already settled;
- debt from a *bankruptcy discharge*;
- *time-barred debt*;
- debt that no longer shows up on a consumer's *credit report*; and
- debt never owed.

Consumers have a right to *dispute a debt* and request that the debt collector provide *verification of a debt*.

## জম্বি ঋণ

একটি ঋণ যা খুব পুরনো এবং এখন আর বকেয়া নয় কিন্তু ঋণ সংগ্রাহক হঠাৎ সংগ্রহ করতে চায়।

জম্বি ঋণের মধ্যে রয়েছে:

- ইতিমধ্যেই নিষ্পত্তি হওয়া ঋণ;
- ব্যাঙ্করাপসি ডিসচার্জের থেকে ঋণ;
- সময়-বন্ধক ঋণ;
- একটি ঋণ যা আর উপভোক্তার ক্রেডিট রিপোর্টে দেখা যাচ্ছে না; এবং
- এমন ঋণ যা কখনই বকেয়া ছিল না।

উপভোক্তার কাছে ঋণের বিরুদ্ধে আপত্তি জানানোর এবং ঋণ সংগ্রাহককে একটি ঋণ যাচাইকরণ প্রদান করার জন্য অনুরোধ করার অধিকার আছে।